স্বরাষ্ট্রমন্ত্রীর নেতৃত্বে আইনশৃঙ্খলা বিষয়ক মন্ত্রিসভা কমিটি

স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি তদারকিতে স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমদকে আহ্বায়ক করে ১০ সদস্যের মন্ত্রিসভা কমিটি গঠন করেছে সরকার। বুধবার (২৫ ফেব্রুয়ারি) রাষ্ট্রপতির আদেশে মন্ত্রিপরিষদ বিভাগ এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে।

প্রজ্ঞাপনে জানানো হয়, আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যবেক্ষণ, মূল্যায়ন এবং প্রয়োজনীয় সুপারিশ দেওয়াই হবে কমিটির মূল কাজ। হরতাল, অবরোধ বা জনদুর্ভোগ সৃষ্টিকারী পরিস্থিতিতে করণীয় ঠিক করে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাগুলোকে দিকনির্দেশনা দেবে কমিটি।

বিভিন্ন মন্ত্রণালয়ের মন্ত্রী ও প্রতিমন্ত্রীরা কমিটির সদস্য হিসেবে থাকছেন। এছাড়া মন্ত্রিপরিষদ সচিব, স্বরাষ্ট্র সচিব, পুলিশ মহাপরিদর্শক, বিজিবি, র‍্যাব, এনএসআই, ডিজিএফআইসহ সংশ্লিষ্ট বাহিনী ও সংস্থার প্রধানরা প্রয়োজন অনুযায়ী সহায়তা করবেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয় সাচিবিক দায়িত্ব পালন করবে। নতুন প্রজ্ঞাপন জারির সঙ্গে আগের আদেশ বাতিল হয়েছে এবং এটি তাৎক্ষণিকভাবে কার্যকর হয়েছে।

LENS ASIA